



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/3/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে নির্মাণ কাজ শুরু হয়েছে নিউ ইয়র্ক শহরের সেন্ট নিকোলাস গ্রীক অর্থডক্স চার্চ এবং জাতীয় দরগায়

লোয়ার ম্যানহাটনের মূল গির্জা 9/11-এ ধ্বংস হয়ে গেছে

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ নিউ ইয়র্ক শহরের নতুন সেন্ট নিকোলাস গ্রীক অর্থডক্স চার্চ এবং জাতীয় দরগায় নির্মাণ শুরুর কথা ঘোষণা করেছেন। মূল চার্চ, লোয়ার ম্যানহাটনে অবস্থিত, যেটি 9/11-এ ধ্বংস হয়ে গিয়েছিল। নিউ ইয়র্ক ও নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষের যৌথ উদ্যোগে ফ্রেন্ডস অফ সেন্ট নিকোলাস বোর্ডের নেতৃত্বে প্রকল্পটি পুনরায় শুরু হয়।

"নতুন সেন্ট নিকোলাস চার্চে নির্মাণ কাজ শুরু হওয়ার মাধ্যমে এই কঠিন সময়েও সার্বিকভাবে ইতিবাচক বার্তা প্রতিধ্বনিত হয়েছে: 9/11-এর পর আমরা শূন্য থেকে যেভাবে শুরু করেছিলাম, ফের একই নজির সৃষ্টি করব এবং পূর্বকার তুলনায় অধিক সংহতি এবং অধিক বিশ্বাস ও অধিক গোষ্ঠী চেতনা সহ এটি আরও উন্নত এবং শক্তিশালী হবে," **গভর্নর কুওমো বলেন।** "এই সেন্ট নিকোলাস আগের সেন্ট নিকোলাসের চেয়ে অনেক বেশি চমৎকার এবং আরো চিত্তাকর্ষক হতে চলেছে। আমরা একসাথে কঠিন সময়ের মধ্যে দিয়ে গিয়েছি, কিন্তু আমরা ছাই থেকে জেগে উঠি এবং আমরা আগের চেয়ে শক্তিশালী হয়ে উঠি। সেন্ট নিকোলাস এটার জন্যই পরিচিত হয়ে উঠবে। এটি সকল নিউ ইয়র্কবাসী এবং সকল আমেরিকানদের জন্য একটি শক্তিশালী বার্তা।"

আমেরিকার মহামান্য আর্চবিশপ এলপিডোফোরোস বলেন, "প্রায় বিশ বছর আগে, আমাদের সেন্ট নিকোলাস 9/11-এর ছাইয়ে হারিয়ে যাওয়া হাজার হাজার মানুষের সাথে ধ্বংস হয়, এবং ঘৃণা ও সন্ত্রাসের নির্মম কর্মকাণ্ডে শরীর, মন এবং আত্মায় আঘাত পেয়েছিলেন অসংখ্য মানুষ। আমরা কোনোভাবেই এটিকে মাথা তুলে দাঁড়াতে দেব না, দিতে পারি না এবং দেওয়া উচিত নয়। আমরা সেন্ট নিকোলাস চার্চ এবং জাতীয় দরগাকে ভালোবাসার প্রতীক হিসেবে খুলতে চলেছি, ঘৃণা নয়; সমঝোতার লক্ষণ, কুসংস্কার নয়; এবং এটি হল এই মহান আমেরিকান জাতিতে বিদ্যমান আদর্শের একটি লক্ষণ, যেখানে একজনের ধর্মীয় স্বাধীনতা এবং বিবেকের স্বাধীনতা কখনও বাদ দেয়া হয় না, বরং সেগুলিকে সাদরে গ্রহণ করা হয়।"

বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান কেভিন জে. ও'তুলে বলেন, "এত অনিশ্চয়তায় ভরা এক পৃথিবীতে এই পুনঃসূচনা আশা প্রদান করে যে 11ই সেপ্টেম্বরের আক্রমণের পর যে অসংখ্য আত্মত্যাগ সংঘটিত হয়েছে সেগুলির প্রতি সম্মান জানাতে এবং উপাসনা এবং প্রতিফলনের জন্য গির্জার প্রশাসনিক এলাকার বাসিন্দাদের এবং সফরকারীদের জন্য একটি পবিত্র স্থান হিসেবে সেন্ট নিকোলাসকে পুনরায় প্রতিষ্ঠা করার কাজে সাফল্যের থেকে আমরা সামান্য দূরে রয়েছি। গির্জা হল নিরবচ্ছিন্ন সহনশীলতার একটি প্রতীক যা ওয়ার্ল্ড ট্রেড সেন্টার ক্যাম্পাসের পুনর্জন্ম ঘটাতে সাহায্য করেছে, এবং আজ হল সেই কঠিন লড়াইয়ের পর অর্জিত সাফল্যের স্বীকৃতি প্রদানের একটি দিন।"

বন্দর কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক রিক কটন বলেন, "আজ লোয়ার ম্যানহাটনের ঐতিহাসিক পুনর্নির্মাণের একটি নতুন অধ্যায়ের সূচনা করেছে। অনুপ্রেরণা এবং শান্তির একটি উৎস হবে নতুন সেন্ট নিকোলাস চার্চ এবং জাতীয় দরগা, একই সাথে যারা ভ্রমণ এবং উপাসনা করেন তাদের জন্য গ্রীক-অর্থোডক্স সম্প্রদায়ের ঐতিহাসিক অবদান ভাগাভাগি করতে সাহায্য করবে। আমাদের এই গুরুত্বপূর্ণ সাফল্য অর্জন করতে গভর্নর কুওমোর পাশাপাশি কাজ করতে পেরে বন্দর কর্তৃপক্ষ গর্বিত এবং আজ নির্মাণ কাজের সূচনা দেখতে পেয়ে আমরা আনন্দিত। আমরা আর্চডায়োসিস এবং সেন্ট নিকোলাসের বন্ধুদের কাজের প্রশংসা করছি কারণ তারা কঠোর পরিশ্রমের মাধ্যমে নিশ্চিত করেছেন যে এই প্রকল্প আমাদের ওয়ার্ল্ড ট্রেড সেন্টার ক্যাম্পাসের শক্তি এবং সংকল্পকে সম্মান করে।"

155 সিডার স্ট্রিটের মূল সেন্ট নিকোলাস চার্চ ছিল উপাসনার একমাত্র স্থান যা 11ই সেপ্টেম্বরের আক্রমণে সম্পূর্ণ ধ্বংস হয়ে গিয়েছিল। অফিস গ্রহণ করার পর, গভর্নর কুওমো সেন্ট নিকোলাস চার্চের পুনর্বাসনকে শীর্ষ অগ্রাধিকার দিয়েছেন, আর্চডায়োসিস এবং বন্দর কর্তৃপক্ষের সাথে কাজ করে চার্চ ও জাতীয় মাজার পুনর্গঠনের জন্য আরো একটি বৃহত্তর, আরো সুগম্য সাইটের জন্য চুক্তিতে পৌঁছানোর জন্য এবং ব্যক্তিগতভাবে এই ব্যক্তিগত অর্থায়িত কমপ্লেক্সের জন্য দান সংগ্রহ করেন। সমাপ্ত হলে, 9/11 মেমোরিয়াল প্লাজার ঠিক দক্ষিণে 130 লিবার্টি স্ট্রিটে নতুন সেন্ট নিকোলাস গ্রিক অর্থোডক্স চার্চ এবং জাতীয় মাজার প্রার্থনা এবং নীরব প্রতিফলনের জন্য একটি স্থান হিসেবে কাজ করবে এবং বিয়োগান্ত মুহুর্তে সাহায্য এবং শক্তি চাইছেন এমন যে কোনো খ্রিস্টান সম্প্রদায়ের মানুষদের জন্য একটি শোক পালনের কেন্দ্র ধারণ করবে। স্প্যানিশ স্থপতি সান্তিয়াগো ক্যালাট্রাভার ডিজাইন করা এবং হাগিয়া সোফিয়ার বাইজান্টাইন চার্চগুলি এবং ইস্তাম্বুলের হোলি সেন্টিয়র গির্জার আদলে মডেল করা, যা সন্ধ্যায় আভা বিচ্ছুরিত করে, এবং ওয়ার্ল্ড ট্রেড সেন্টার ক্যাম্পাসের এক সদা-উপস্থিত আশার আলো হয়ে থাকবে।

সেন্ট নিকোলাস চার্চের এই অগ্রগতি ওয়ার্ল্ড ট্রেড সেন্টার ক্যাম্পাসের বড় প্রকল্পগুলি শেষ করার জন্য বন্দর কর্তৃপক্ষের প্রতিশ্রুতির ওপর ভিত্তি করে গড়ে তোলে। 2018 সালে গভর্নর কুওমো দ্বারা প্রবলভাবে সমর্থিত একটি চুক্তির পর রোনাল্ড ও. পেরেলম্যান পারফর্মিং আর্টস সেন্টারে মেমোরিয়াল প্লাজার উত্তরে নির্মাণ কাজ চলছে। পারফর্মিং আর্টস সেন্টারের মধ্যে থাকবে 200,000 বর্গ ফুট জায়গা, তিনটি হল এবং মহড়ার স্থান, একটি রেস্টোরাঁ এবং উপহার ক্রয়ের একটি দোকান। এই কেন্দ্রটি শিল্প, ধারণা এবং সংস্কৃতি সৃষ্টি ও বিনিময়ের জন্য একটি বৈশ্বিক কেন্দ্র হিসেবে কাজ করবে যা মার্কিন যুক্তরাষ্ট্র এবং সারা বিশ্ব থেকে অসাধারণ থিয়েটার, নাচ, সঙ্গীত এবং চলচ্চিত্র উপস্থাপন করবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)